

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৯১৩

আগরতলা, ২ অক্টোবর, ২০১৯

দুর্গাপূজা প্যাভেল উদ্বোধনে মুখ্যমন্ত্রী

মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব আজ আগরতলার বেশ কয়েকটি সার্বজনীন দুর্গাপূজা প্যাভেল পরিদর্শন ও উদ্বোধন করেন। পূজা প্যাভেল পরিদর্শনকালে তাঁর সাথে ছিলেন সহধর্মিণী নিতি দেব। পূজা প্যাভেল পরিদর্শনকালে তিনি স্থানীয় জনগণের সঙ্গে মতবিনিময় করেন এবং রাজ্যবাসীর প্রতি শারদীয়া শুভেচ্ছা জানান। পূজার দিনগুলি যাতে শান্তিপূর্ণভাবে কাটে তার জন্য সকলের কাছে আবেদন জানান। পূজা পরিক্রমকালে সাংবাদিকদের সাথে কথা বলার সময় তিনি বলেন, রাজ্যের অনেক কিছু পরিবর্তন হয়েছে। সরকার ভ্রষ্টাচারমুক্ত রাজ্য গড়ার দিশাতে কাজ করে চলছে। রাজ্যে এখন স্বরোজগারী যেমন তৈরী হচ্ছে ঠিক তেমনি কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিকারীও তৈরী হচ্ছে। তিনি বলেন, আগামী দিনগুলিতেও সরকার রাজ্য ও রাজ্যবাসীর কল্যাণে কাজ করে যাবে।

আজ মুখ্যমন্ত্রী পোলস্টার ক্লাব, অরুণোদয় সংঘ, মর্ডাণ ক্লাব, ইয়ংস কর্ণার, ভলকান ক্লাব, লালবাহাদুর ক্লাব, ব্লু-লোটাস ক্লাব, শান্তিনিকেতন, শতদল সংঘ, তুষার সংঘ, প্রান্তিক ক্লাব, ভারত তীর্থ ক্লাব সহ শহরের বিভিন্ন ক্লাব পরিদর্শন করেন।

\*\*\*\*\*